দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ২...

NOV. 27 2002

# 'ছাত্র রাজনীতি অবশ্যই জাতীয় ও দলীয় প্রভাবমুক্ত হওয়া উচিৎ'

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ সেন্টার ফর স্ট্রাটেজিক এন্ড পিসস্টাডিজ ও এনডি আই-এর যৌথ উদ্যোগে পাঁচ দিনব্যাপী এক পাঠচক্রে ছাত্ররাজনীতি অবশ্যই জাতীয় ও দলীয় রাজনীতির প্রভাবমুক্ত থাকা উচিত বলে সুপাশি করা হয়েছে। পাঠচক্রে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণে করে। অংশগ্রহণকারীরা একটি সুপারিশমালা তৈরী করেন। অন্যান্যের মধ্যে আলোচনা করেন সেন্টার ফর ডেভেলপমেন্ট কমিউনিকেশনের নির্বাহী পরিচালক মুহাম্মদ জাহাঙ্গীর, ব্যারিস্টার ওমর সাদাত এবং এনডিআই আবাসিক প্রতিনিধি জেম্স ডি অলিভার। সুপারিশমালায় বলা হয় ছাত্ররাজনীতি অবশ্যই থাকা উচিত কিন্তু গঠনমূলকভাবে, ছাত্র রাজনীতিতে ছাত্র কল্যাণমূলক বিষয়ে প্রাধান্য দিতে হবে, ছাত্র রাজনীতিতে অংশগ্রহণকারী অবশ্যই নিয়মিত ছাত্র হবে, প্রত্যেক বিভাগ (৫ম পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ছাত্র রাজনীতি

(৩য় পৃঃ পর)

এবং শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রয়োজন, ছাত্ররাজনীতিতে যে অচলাবস্থা বিরাজ করছে সেটা থেকে উত্তরনের ক্ষমতা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রশাসনিক বা একাডেমিক কর্তৃপক্ষকে দেয়া উচিত এবং প্রতিবাদের ভাষা অবশ্যই সহিংস হতে হবে।